



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪০.০১৬.০১৭(১).২০০৭-৭২০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গ।  
২১ মার্চ ২০২০ খ্রি.

### পরিপত্র

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” বাস্তবায়নে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীসহ সংশ্লিষ্টদের সম্পৃক্তকরণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” কার্যক্রমের পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও নির্মল পরিবেশবান্ধব সমাজ বিনির্মাণের জন্য বাসা-বাড়ি, অফিস/কর্মস্থল এবং প্রাথমিক বিদ্যালয়ে পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিতকরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে।

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে প্রতীয়মান হয় যে, মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং অধিকাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, আঙ্গিনা, মাঠ, টয়লেট ও ভবনের ছাদ যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে না। কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, অফিস ভবন এবং বিদ্যালয়ের ছাদ ও আঙ্গিনাতে আবর্জনা পড়ে থাকে। ফলে এ সকল স্থানে মশা-মাছিসহ বিভিন্ন ধরনের মারাত্মক রোগ জীবানু জন্ম নেয় এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় থাকে না। পাশাপাশি ভবনসমূহ দ্রুত বিনষ্ট হয়।

৩। বর্ণিত অবস্থায়, সুন্দর, মনোরম ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখতে বাসা/বাড়িসহ অফিস ভবন এবং প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, আঙ্গিনা, টয়লেট ও ভবনের ছাদ যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা অত্যন্ত জরুরি। এ লক্ষ্যে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক/শিক্ষিকা এবং শিক্ষার্থীদের সম্পৃক্ত করে কমপক্ষে মাসে দুইবার অফিস ভবন, প্রাথমিক বিদ্যালয়ের ছাদ ও আঙ্গিনাসহ সার্বিক পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। বিদ্যালয়ের টয়লেট ও শ্রেণিকক্ষ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। পাশাপাশি সকল ছাত্র-ছাত্রীদের নিজ নিজ বাসা/বাড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে উদ্বুদ্ধ করতে হবে।

৪। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” পরিকল্পনা বাস্তবায়নে সকল স্তরে সুন্দর, মনোরম স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখতে উপরের নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

৫। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

(খান মোঃ নুরুল আমিন)

যুগ্মসচিব

পরিচালক (পলিসি এন্ড অপারেশন)

বিতরণ:

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর ও ময়মনসিংহ, বিভাগ।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিস (সকল), প্রাথমিক শিক্ষা।
৩. সুপারিনটেন্ডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষা।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), (বিদ্যালয় পর্যায়ে বাস্তবায়নের অনুরোধসহ)।
৫. ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল), উপজেলা।

সদয় অবগতির জন্য

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩. মহাপরিচালক, মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. অতি:মহাপরিচালক, মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতি:মহাপরিচালক(পিইডিপি ৪), মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।